# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৭৭১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - সাত্‌র (সতর)

---

### আরবী

وَعَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ: الصَّلَاةُ فِي الثَّوْبِ الْوَاحِدِ سُنَّةٌ كُنَّا نَفْعَلُهُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا يُعَابُ عَلَيْنَا. فَقَالَ ابْنُ مَسْعُودٍ: إِنَّمَا كَانَ ذَاكَ إِذْ كَانَ فِي الثِّيَاب قِلَّة فَأَما إِذْ وَسَّعَ اللَّهُ فَالصَّلَاةُ فِي الثَّوْبَيْنِ أَزْكَى. رَوَاهُ أَحْمد

### বাংলা

৭৭১-[১৮] উবাই ইবনু কা’ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা সুন্নাত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আমরা এভাবে এক কাপড়েই সালাত আদায় করেছি। তাতে আমাদেরকে দোষারোপ করা হয়নি। এ কথার উপর ইবনু মাস্‌’ঊদ (রাঃ) বললেন, যখন আমাদের কাপড়ের অভাব ছিল তখন এক কাপড়ে সালাত আদায় করা হতো। আল্লাহ তা’আলা এখন আমাদেরকে প্রাচুর্য ও স্বাচ্ছন্দ্য দিয়েছেন। তাই এখন দুই কাপড়েই সালাত আদায় করা উত্তম। (আহমাদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : মুসনাদে আহমাদ ২০৭৬৯। কারণ এর সানাদে আবূ নাখরাহ্ ইবনু বাক্বিয়্যাহ্ নামে একজন অপরিচিত রাবী রয়েছে। আর হায়সামীর উক্তি অনুযায়ী সে উবাই ইবনু কা‘ব এবং ইবনু মাস্‘ঊদ (রাঃ) থেকে হাদীস শ্রবণ করেননি। আলবানী (রহঃ) বলেন, এর নাম আল মুনযির ইবনু মালিক ইবনু কুত্বয়াহ।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় সুন্নাহ্, অর্থাৎ- সুন্নাহ দ্বারা অনুমোদিত কিংবা তা অবৈধ নয়, তাতে সালাতের হক আদায় হয়। তবে দুই কাপড়ে সালাত আদায় সর্বোত্তম। এ দু’টোর মধ্যে বিরোধ নেই।

‘আবদুল্লাহ ইবনু মাস্‘ঊদ (রাঃ) বলেন, যখন কাপড় কম থাকে তখন এক কাপড়ে সালাত আদায় মাকরূহ নয়। আর যখন আল্লাহ অধিক কাপড় দ্বারা স্বচ্ছলতা দান করেছেন তখন দুই কাপড়ে অর্থাৎ- ইযার এবং চাদর অথবা

জামা এবং ইযার বা পাজামা পরিধান করে সালাত আদায় অধিকতর উপযোগী, শ্রেষ্ঠতর বা সর্বোত্তম সাওয়াবের। তাছাড়া আল্লাহ যাকে স্বচ্ছলতা দান করেছেন, তার পোশাকে স্বচ্ছলতার সাথে বিনয় ও কৃতজ্ঞতা প্রকাশের মনোভাব থাকা উচিত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55330

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন